# জাতীয় বিশ্ববিদ্যালয়
## পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
## গাজীপুর
**Website : www.nubd.info/honours**

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ২য় বর্ষ/২০১৯/৪৬/৯৮০৩

তারিখ ঃ ১০ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ
২৫ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

## ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফরমপূরণ

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের আবেদন ফরমপূরণ কার্যক্রম On-Line এ ৩১/০৭/২০১৯ ইং তারিখ থেকে শুরু হবে। নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী আবেদন ও বিবরণী ফরমপূরণ শেষে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের আবেদন ফরম নিশ্চয়ন করবে। ফি জমাদানের তারিখ, আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

| ক্রঃ নং | পরীক্ষার্থীদের ফি এর বিবরণ | টাকা | আবেদন ফরমপূরণের শুরু ও শেষ তারিখ | ডাটা এন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ | সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শুরু ও শেষ তারিখ | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | ৩১/০৭/২০১৯ ইং বুধবার থেকে ০৭/০৯/২০১৯ ইং শনিবার | ০৮/০৯/২০১৯ ইং রবিবার রাত্র ১১:৫৯ মিঃ পর্যন্ত | ০৯/০৯/২০১৯ ইং সোমবার সকাল ১০:০০ থেকে ১১/০৯/২০১৯ ইং বুধবার বিকাল ০৪:০০ পর্যন্ত | ১২/০৯/২০১৯ ইং বৃহস্পতিবার |
| ০২ | তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ১৫০/- | | | | |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | | | | |
| ০৪ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)<br>I) বিশ্ববিদ্যালয় জমা হবে ১০০/- টাকা<br>II) কলেজে জমা হবে ২০০/- টাকা | ৩০০/- | | | | |
| ০৫ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে | ৪৫০/- | | | | |
| ০৬ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে | ১২০/- | | | | |
| ০৭ | বিশেষ অন্তর্ভূক্তি ফি(গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী- বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৩০০/- | | | | |

### ০১. On-line-এর মাধ্যমে আবেদন ফরম সংগ্রহ ঃ

- শিক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (**www.nubd.info/honours**) এ গিয়ে আবেদন ফরম Download করে যথাযথ ভাবে পূরণ করে সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ স্ব স্ব বিভাগে জমা দেবে। ফরম পূরণের সময় নন-মেজর কোর্স নির্বাচনের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। ভুল বিষয় কোড নির্বাচন করলে তা সংশোধন করা হবে না।

### ০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ

#### নিয়মিত

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী যারা ২০১৮ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে তারা ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

#### অনিয়মিত

- ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষে উত্তীর্ন হয়ে ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০১৮ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে "C'' বা "D'' গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০১৯ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং "F'' গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

#### গ্রেড উন্নয়ন

- ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থী শুধুমাত্র "C'' বা "D'' গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- যে সকল শিক্ষার্থী ২০১৫, ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে "F'' গ্রেড রয়েছে তারা ২০১৯ সালের পরীক্ষায় "F'' গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।
- সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D'' গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।
- ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের অনুপস্থিত ০১টি কোর্সে ২০১৯ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। অন্যথায় তার কোর্স বাতিল হয়ে যাবে।
- ব্যবহারিক ও ইনকোর্স পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

### ০৩. পাঠ্যসূচি ঃ

- সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস এবং ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের সংশোধীত রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

০৪. পরীক্ষার্থীদের করণীয় ঃ

❖ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (**www.nubd.info/honours**) থেকে পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে।

❖ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (**www.nubd.info/honours**) থেকে আবেদন ফরম Download করার সময় ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) পূরণ করতে হবে।

❖ আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম Download করতে হবে।

❖ পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই সংশোধন করে নিতে হবে।

❖ আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

০৫. কলেজের করণীয় ঃ

❖ যে সকল পরীক্ষার্থী ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের ডাটা (সম্ভাব্য তালিকা) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (**www.nubd.info/honours**)-এ রক্ষিত আছে। ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি On-Line-এ এন্ট্রি করতে হবে। সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থীর ফরম পূরণ করা যাবে না। ফরম পূরণের যোগ্যতা আছে কিন্তু সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট শাখা/তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তরে যোগাযোগ করে সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম অন্তর্ভুক্ত করে ফরম পূরণের ব্যবস্থা নিতে হবে।

❖ আবেদন অনুযায়ী সকল পরীক্ষার্থীদের ডাটা On-Line-এ সঠিকভাবে এন্ট্রি দিয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে অবশ্যই নিশ্চয়ন করতে হবে।

❖ নিশ্চয়ন সম্পন্ন হলে On-Line-এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট নিতে হবে। প্রিন্ট কপিতে প্রথমে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

❖ ২য় বর্ষ অনার্স বিষয়ক পরীক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে তা বন্ধ হয়ে যাবে। সুতরাং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

❖ **পরীক্ষার্থীর রেজি: নম্বর নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। ফরমপূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা এক জনের পরিবর্তে অন্য জনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরমপূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না।**

০৬. ফি জমাদানের পদ্ধতি ঃ

❖ ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীর ফি নির্ধারিত জমা ফরম **জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd) থেকে Services মেনুতে গিয়ে সোনালী সেবা পে-স্লিপ** ক্লিক করুন। অতঃপর College Payment এ গিয়ে College Code দিয়ে পে-স্লিপ ডাউনলোড করে "সোনালী সেবা" এর মাধ্যমে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে।

❖ Pay Slip সংগ্রহের জন্য ০৯/০৯/২০১৯ ইং তারিখ সকাল ১০:০০ টা থেকে ১১/০৯/২০১৯ ইং তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত Link Active থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। সোনালী সেবা ব্যতিত ব্যাংক-এ প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভুত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০৭. বিবরণী ফরম জমা ঃ

❖ আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্ব স্ব আঞ্চলিক কেন্দ্রে নির্ধারিত তারিখে জমা দিতে হবে এবং এর ফটোকপি কলেজে সংরক্ষণ করবে।

❖ আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা ঃ

| | | |
|---|---|---|
| জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>রাজশাহী ঃ<br>বাড়ী # ০৫, রোড # ০১, গ্রীন ভিলা<br>পারিজাত আ/এ, ভদ্রা, রাজশাহী<br>ফোন # ০৭২১-৭৬২১৪১ | জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>চট্টগ্রাম ঃ<br>মাস্টার কটেজ, বাড়ী # ৪৩, রোড নং-০১,<br>ভি.আই.পি-এইস.এস, দক্ষিণ খুলশী<br>চট্টগ্রাম-৪০০০<br>ফোন # ০৩১-২৫১৫৭২৪, ০১৭৪০৯৪৪৬০৮ | জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>সিলেট ঃ<br>আহাদ ভিলা, পাঠানটুলি পয়েন্ট<br>সিলেট।<br>ফোন # ০৮২১-৭২৯১০২ |
| | | |
| জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>খুলনা ঃ<br>বাড়ী # ২৭৭, রোড # ০১<br>কেডিএ সোনাডাঙ্গা আ/এ, ২য় ফেজ,<br>খুলনা-৯১০০<br>ফোন # ০৪১-৭৩৬৭৬ | জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>বরিশাল ঃ<br>হোল্ডিং # ১০০০, ওয়ার্ড # ১২<br>মেডিকেল কলেজ লেন, দক্ষিণ আলেকান্দা<br>বরিশাল-৮২০০<br>ফোন # ০৪৩১-৬১১৬৮<br>মোবাইল- ০১৭১৫-৫৭৭৭০৫ | জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>রংপুর ঃ<br>বাড়ী # ৩৯০, জিএলরায় রোড<br>কামাল কাছনা, রংপুর-৫৪০০<br>ফোন # ০৫২১-৫৬০১৫ |
| **ঢাকা ও ময়মনসিংহ বিভাগের জন্য ঃ জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুর-১৭০৪** | | |

০৮. পরীক্ষা পরিচালনা ঃ

❖ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ হতে প্রতি পরীক্ষার্থী ১৫০/- (একশত পঁঞ্চাশ) টাকা দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় যেমনঃ বিশ্ববিদ্যালয়ে যাতায়াত, বিবরণী প্রিন্ট/ফটোকপি ইত্যাদি নির্বাহ করবে। অবশিষ্ট ৩০০/- (তিন শত) টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষার পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় ব্যয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র, প্রশ্নপত্র সংগ্রহ, আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি ) নির্বাহ করবে।

❖ ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব কলেজে (প্রয়োজনীয় সংখ্যক পরীক্ষার্থী থাকা সাপেক্ষে) অনুষ্ঠিত হবে। সেক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট কলেজ ব্যবহার করবে। ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অর্থ প্রদান করা হবে না।

❖ পরীক্ষার সময়সূচী ও অন্যান্য যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (**www.nu.ac.bd**) থেকে জানা যাবে।

০৯. ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ ঃ

❖ শিক্ষার্থীদের ফরমপূরণের সময় Software-এর মাধ্যমে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত মোট নম্বর On-line এ প্রেরণ করতে হবে, এর এক কপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

১০. ব্যবহারিক পরীক্ষা ঃ

❖ ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় তত্ত্বীয় পরীক্ষা শেষে যথাসময়ে পত্র মারফত জানানো হবে।

১১. প্রমোশন ঃ

❖ গ্রেডিং পদ্ধতির সম্মান পরীক্ষায় BA, BSS, BBA এবং B.Sc এর ক্ষেত্রে ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে প্রমোশনের জন্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে অন্তত ৩টি তত্ত্বীয় কোর্সে ন্যূনতম D গ্রেড পেতে হবে।

❖ ০১ টি কোর্সে অনুপস্থিত থেকে শিক্ষার্থী অন্যান্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে সে সব কোর্সে ন্যূনপক্ষে D গ্রেড পেলে পরবর্তী বর্ষে প্রমোশন পাবে। পরবর্তী বছরের পরীক্ষার্থীদের সঙ্গে তাকে অনুপস্থিত বিষয়ে অবশ্যই পরীক্ষা দিতে হবে।

১২. ফলাফল ঃ

❖ এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে। প্রতিটি কোর্সে তত্ত্বীয় ও ইনকোর্স নম্বর যোগ করে ৪০% না পেলে ঐ কোর্সে F (Fail) হবে। ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে Promoted হবার জন্য সকল পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে ৩ টি কোর্সে D বা এর বেশী পেতে হবে। ১ টি তত্ত্বীয়/ব্যবহারিক কোর্সে অনুপস্থিত থেকে বাকি সকল কোর্সে D বা এর বেশী হলে C-Promoted (Conditional Promoted) হবে। তবে পরবর্তী বছর অনুপস্থিত কোর্সে পরীক্ষায় অংশগ্রহণ না করলে Promotion বাতিল হয়ে যাবে। একের অধীক কোর্সে অনুপস্থিত থাকলে অন্যান্য কোর্সের ফলাফল যাই হোক না কেন ৩য় বর্ষে Promotion পাবে না। ১০০ নম্বরের ৪ ক্রেডিট কোর্সের ৮০ নম্বরের তত্ত্বীয় পরীক্ষা (৪:০০ মি.) এবং ইনকোর্স ২০ নম্বর। দুটি পরীক্ষার নম্বর যোগ করে সর্বনিম্ন ৪০ হলে D গ্রেড প্রাপ্ত হবে। ৫০ নম্বরের ২ ক্রেডিট কোর্সের ৪০ নম্বরের তত্ত্বীয় পরীক্ষা (২:৩০ মি.) এবং ইনকোর্স ১০ নম্বর। দুটি পরীক্ষার নম্বর যোগ করে সর্বনিম্ন ২০ হলে D গ্রেড প্রাপ্ত হবে।

**বি:দ্রঃ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd) এবং (www.nubd.info/honours) এ প্রকাশ করা হবে। চিঠি বা অন্য কোন মারফত কোন তথ্য বা বিজ্ঞপ্তি প্রেরণ করা হবে না। প্রতিদিন উল্লেখিত ওয়েব সাইট সকাল এবং বিকালে অন্ততঃ ২ (দুই) বার চেক করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল।**

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন ঃ ০২-৯২৯১০১৭
ফ্যাক্স ঃ ০২-৯২৯১০৪৪
ই-মেইল ঃ controller@nu.ac.bd

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ২য় বর্ষ/২০১৯/৪৬/৯৮০৩(১২)

তারিখ ঃ ১০ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ
২৫ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি,অবগতি ও কার্যার্থেঃ

১। সকল ডীন, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর ।
২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩। পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৪। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (এ বিজ্ঞপ্তিটি জরুরী ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৭। অধ্যক্ষ, সকল অনার্স কলেজ (সংশ্লিষ্ট সকলকে জরুরী ভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৮। পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৯। সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১০। উপ-পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১১। ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর।
১২। অফিস কপি।

(মোঃ মোহসীন ইকবাল)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (অনার্স ২য় বর্ষ শাখা)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন ঃ ০২- ৯২৯১০৫২
ই-মেইল ঃ dch2.nu@gmail.com